

AP-1
১৫/১২/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd
বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.৪০.০৪.০৪১.২০১৪ - ২৪৮

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা (১ম শ্রেণি) পদে ১ (এক) জন প্রার্থীর মৌখিক পরীক্ষা অনুষ্ঠান।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১ম শ্রেণির পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা পদের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ সময় ও বার	রেজিঃ নম্বর
১৮.১২.২০১৭ সকাল ১০:৩০ মিঃ সোমবার	000041 Total=01

২. প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদের মূল কপি, শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

৩. যোগ্য প্রার্থীর ঠিকানায় ইতোমধ্যে সাক্ষাৎকার পত্র প্রেরণ করা হয়েছে। সাময়িকভাবে যোগ্য প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকার পত্র না পেয়ে থাকলে আগামী ১৩ ও ১৪ ডিসেম্বর, ২০১৭ তারিখে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়স্থ ইউনিট-৫ থেকে অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত) আবেদনের প্রেক্ষিতে ডুপ্লিকেট সাক্ষাৎকার পত্র সংগ্রহ করতে পারবেন। সাক্ষাৎকার পত্র ব্যতীত প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

৪. উল্লেখ্য, সাক্ষাৎকারের জন্য সাময়িকভাবে যোগ্য প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার দিন ১ (এক) সেট আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল ডকুমেন্ট-এর সত্যায়িত ছায়াছবি সাক্ষাৎকার বোর্ডে প্রার্থী কর্তৃক জমা দিতে হবে।

৫. পরবর্তীতে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটঃ www.bpsc.gov.bd থেকেও এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।

❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫/১২/১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)